

এমএসএস খবর

জুলাই, ২০২৪ সংখ্যা

এমএসএস এর নতুন নির্বাহী পরিচালক জনাব মোঃ আখতারুজ্জামান



মানবিক সাহায্য সংস্থা (এমএসএস) এর নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব পেয়েছেন জনাব মোঃ আখতারুজ্জামান। গত ১লা জুলাই থেকে এই নিয়োগ কার্যকর হয়।

২০২৩ সালের ১৯ অক্টোবর থেকে এমএসএস এর প্রেসাম বিভাগের উপ-পরিচালক ও ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন তিনি।

এমএসএস এ যোগদানের পর থেকে জনাব মোঃ

আখতারুজ্জামান সংস্থার মাইক্রো ফাইনান্স কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধি, অঙ্গুষ্ঠিমূলক প্রযুক্তি, সুবিধাবহিত জনগোষ্ঠীর শিক্ষা, চিকিৎসা ও জীবনমান উন্নয়নে সকল চ্যালেঞ্জ মোকাবেলায় সময়োপযোগী পদক্ষেপ নিশ্চিতে অগ্রণী ভূমিকা পালন করছেন।

এমএসএস পরিচালনা পর্যবেক্ষণে আছাতাজন মোঃ আখতারুজ্জামান আগামী দিনগুলোতে এমএসএস এর অঞ্চলিক অব্যাহত রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন এমএসএস এর সভাপতি জনাব ফারুক হাসান।

জনাব মোঃ আখতারুজ্জামান বলেন, “এমএসএস এর নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্বপ্রাপ্ত হয়ে আমি মৌমাখিত। সমানিত সভাপতি, প্রধান উপদেষ্টা, উপদেষ্টাসহ নির্বাহী কমিটির সকল সদস্যের প্রতি আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমার অভিজ্ঞতা ও দক্ষতা কাজে লাগিয়ে এমএসএস এর মহিলা ঋণদান কর্মসূচিসহ সকল কার্যক্রমের উন্নয়নে ভূমিকা রেখে যেতে চাই।”

রামবুটান ও লটকন উৎপাদন প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ



মানবিক সাহায্য সংস্থা (এমএসএস) এর আয়োজনে জাইকা ও বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে পরিচালিত এসএমএপি প্রকল্পের আওতায় উদ্যোক্তাদের রামবুটান ও লটকন উৎপাদন প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান ও মাঠ প্রদর্শন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

সর্বমোট ৩০ জন উদ্যোক্তার অংশগ্রহণে গত ৮ জুলাই

প্রশিক্ষণ প্রদান করেন নরসিংহীর শিবপুর উপজেলার কৃষি সম্প্রসারণ অফিসার মোঃ মোশারফ হোসেন। ছানীয় সফল নাসৰী উদ্যোক্তা জামাল ভূইয়াসহ এসময় এমএসএস এর এরিয়া ব্যবস্থাপক, শাখা ব্যবস্থাপক, কৃষি অফিসার ও সহকারী কৃষি অফিসার উপস্থিতি ছিলেন।

মোঃ মোশারফ হোসেন বলেন, “রামবুটান অত্যন্ত সুস্থানু ও অর্থকরী একটি ফল। এই ফলের চাষাবাদে খুব সহজে প্রায় লক্ষাধিক টাকা উপার্জন সম্ভব। কারণ এক কেজি রামবুটান ফলের দাম ১২০০-১৪০০ টাকা। উদ্যোক্তারা সঠিক উপায়ে অত্যধিক প্রযুক্তির মাধ্যমে যেন রামবুটান চাষে লাভবান হতে পারে সেসব বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেছি।”

প্রশিক্ষণ শেষে সদস্যদের মাঝে রামবুটান ও লটকন উৎপাদন প্রযুক্তি বিষয়ক লিফলেট বিতরণ করা হয়।

বিশ্ব যুব দক্ষতা দিবস উদযাপন করলো এমটিআই



‘শান্তি ও উন্নয়নের জন্য যুব দক্ষতা’ প্রতিপাদ্যকে সামনে রেখে সৈয়দপুরে অবস্থিত এমএসএস টেকনিক্যাল ইনসিটিউটে উদযাপিত হয়েছে বিশ্ব যুব দক্ষতা দিবস- ২০২৪।

গত ১৫ জুলাই এমটিআই শিক্ষক, শিক্ষার্থীদের অংশগ্রহণে এ দিবস পালিত হয়। শুধুমাত্র গতানুগতিক পড়াশোনা নয়, কারিগরি দক্ষতা বৃদ্ধি ও তা কাজে লাগিয়ে যে নিজের ক্যারিয়ার তৈরি করা যায় সে সম্পর্কে সকলকে অধিকতর উদ্যোগী ও সচেতন করাই ছিল উক্ত আয়োজনের মূল লক্ষ্য।

এ বিষয়ে এমটিআই এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ হাসিবুল হাসান বলেন, “সমাজে প্রতিষ্ঠিত ও সুনাগরিক হিসেবে নিজেকে গড়ে তুলতে সুশিক্ষার পাশাপাশি কারিগরি দক্ষতারও প্রয়োজন আছে। এমএসএস টেকনিক্যাল ইনসিটিউট শিক্ষার্থীদের হাতে-কলমে প্রয়োজন অনুযায়ী কারিগরি শিক্ষা প্রদান করে। যা তাদের সুনাগরিক হওয়ার পাশাপাশি সমাজে প্রতিষ্ঠিত হতে সাহায্য করছে।”

দেশি গরু পালনে চাঁন মিয়ার সাফল্য



অস্থচলতা থেকে পরিবারকে মুক্ত করতে চেষ্টা সবসময়ই ছিল। আপন মনে স্বপ্নও বুনেছেন নানা রকম। তবে অর্থের অভাবে সাফল্য ঠিক ধরা দিচ্ছিল না কৃষক চাঁন মিয়ার। বন্ধু রাখার মতো জামানত না থাকায় নিকটস্থ ব্যাংকের শাখায় যাওয়ার সাহসও হয়নি। কঠিন এই মুহূর্তে চাঁন মিয়ার পাশে দাঁড়ায় এমএসএস।

মানবিক সাহায্য সংস্থা ০৯ নং জোনের ১২ নং এরিয়ার ১৪ নং শাখা থেকে খণ নিয়ে একটি দেশি জাতের গাভী কিনে অভাব দূরাকরণের সংগ্রাম শুরু করেন ঠাকুরাঁও সদর উপজেলার মাদারগঞ্জ ইউনিয়নের খামারি চাঁন মিয়া। এরপর আর পিছনে ফিরে তাকাতে হয়নি। সময়ের সাথে সাথে দিন বদল ঘটেছে তার খামারের, বেড়েছে ব্যবসার মূলধন।

চাঁন মিয়া বলেন, “বছর খানেক আগেও আমার অভাবের সংসার ছিল। শুধু কৃষি কাজের উপর নির্ভর থাকায় ভাগ্য পরিবর্তনের উপায়ও খুঁজে পাচ্ছিলাম না। এরপর আমার স্ত্রী মোছাঃ ছিকিনাকে সাথে নিয়ে এই গরুর খামার করি। বর্তমানে আমার খামারে বেশ কয়েকটি গাভী ও বাচ্চুর রয়েছে। দুধ বিক্রি ছাড়াও কিছুদিন আগে আমি একটি বলদ বিক্রি করেছি। সবমিলিয়ে বেশ ভালো আছি। এমএসএসকে অসংখ্য ধন্যবাদ কঠিন সময়ে আমার পাশে দাঁড়ানোর জন্য।”

চাঁন মিয়া বিশ্বাস করেন পরিশ্রম করার ইচ্ছা থাকলে সফলতা আসবেই। ভবিষ্যতে গরুর সংখ্যা বৃদ্ধি ও খামার সম্প্রসারণ করার ব্যাপারেও আশাবাদ ব্যক্ত করেন তিনি।

উল্লেখ্য, মানবিক সাহায্য সংস্থার মহিলা ঋণদান কর্মসূচির অধীনে বর্তমানে ১৬১,৯৩২ জন সক্রিয় সদস্য রয়েছে। যার মাঝে খনী সদস্যের সংখ্যা ১২৭,৮৯৭ জন।

প্রকাশনায় : মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট- এমএসএস
সেল সেন্টার (তয় তলা), ২৯ পশ্চিম পাটপথ, ঢাকা -১২০৫, বাংলাদেশ

ফোনঃ +৮৮ ০২ ৪১০২০৯২১, ৪১০২০৯২২, ৪১০২০৯২৩

ই-মেইলঃ info@mssbd.org, mediaunit@mssbd.org